



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

এবং

মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-এর  
মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯- ৩০ জুন, ২০২০

## সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
উপক্রমণিকা	০৪
সেকশন ১ঃ বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুরএর কার্যাবলী	০৫
সেকশন ২ঃ বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুরএর কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৬
সংযোজনী ১ঃ শব্দ সংক্ষেপ (Acronyms)	১০
সংযোজনী ২ঃ বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর এর কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ	১১
সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা	১২

বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the Performance of the Bangladesh-German Technical Training Centre, Dhaka)

সাম্প্রতিক অর্জন , চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (তিন বছরের) উল্লেখযোগ্য অর্জন সমূহ :**

জাতীয় উন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিক ও দেশীয় শ্রমবাজারের চাহিদা অনুযায়ী বিভিন্ন পর্যায়ের কর্মক্ষম জনশক্তিকে জনসম্পদে রূপান্তর করতে গুণগতমান সম্মত সেবা প্রদান, নিরাপদ অভিবাসন সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি এবং অভিবাসী কর্মীদের অধিকার ও স্বার্থ সংরক্ষণসহ সার্বিক কল্যাণ নিশ্চিত করণের নিমিত্তে অত্র প্রশিক্ষণ কেন্দ্র বিভিন্ন প্রকার উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের সরকারের নির্দেশনা অনুসরণ করছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক নির্দেশিত বিভিন্ন প্রশিক্ষণ সেবা যেমন: SSC (Vocational), SEIP ( City and Guils), Orientation Course (KSA, Qatar, Kuwait, Dubai, Oman, Bahrain, Lebanon, Mauritius, Malaysia, Maldives & Singapore), IM Japan Language and Culture Course, House Keeping, Basic 360 hrs (BMET & BTEB) courses, Korean Language Course, English Language কোর্সে প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। অত্র কেন্দ্রের মাধ্যমে ১১টি ট্রেডে ০২ বছর মেয়াদী SSC (Vocational) কোর্সসহ মোট ৩৯টি কোর্সে উন্নত মানের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। ২০১৮ সনে বিভিন্ন কোর্সে উত্তীর্ণ প্রশিক্ষার্থীর সংখ্যা প্রায় ১২৩৯২ জন।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :**

আধুনিক ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ ব্যবস্থার সার্বিক বাস্তবায়ন, প্রশিক্ষকগণের মান উন্নয়ন, প্রশিক্ষণের উপযুক্ত পরিবেশ সংরক্ষণ, প্রশিক্ষার্থীদের ড্রপ-আউট হ্রাস ও উপস্থিতির হার শতভাগে উন্নীত করাই অত্র প্রশিক্ষণ কেন্দ্রের অন্যতম সমস্যা ও চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

১. বৈদেশিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী নতুন নতুন ট্রেড ও প্রশিক্ষণ কোর্স চালু করা এবং প্রশিক্ষণ সেবা দ্বারা অদক্ষ ও স্বল্প দক্ষ কর্মীর সংখ্যা হ্রাস করতঃ দক্ষ কর্মীর সংখ্যা বৃদ্ধি করা।
২. আন্তর্জাতিক মানের কোর্স প্রবর্তন বা পরিবর্তনের মাধ্যমে চলমান কোর্স সমূহের আন্তর্জাতিক স্বীকৃতি (International Recognition) অর্জন করা।
৩. Online/web based (ই-লার্নিং) প্রশিক্ষণ ব্যবস্থা (ভর্তি, প্রশিক্ষণ ও ফলাফল) চালু করা।
৪. প্রশিক্ষণ কেন্দ্রকে বহুমাত্রিক ব্যবহারের নিমিত্তে উচ্চতর প্রশিক্ষণ কোর্স এবং দ্বিতীয় শিফট চালু করা।
৫. National Technical and Vocational Qualification Framework (NTVQF) প্রশিক্ষণ ও সনদায়ন চালু করা।
৬. Competency Based Training & Assessment (CBTA) প্রশিক্ষণ ও সনদায়ন চালু করা।

**২০১৯-২০ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- প্রশিক্ষণ সেবার মাধ্যমে পুরুষ ও নারীসহ মোট ১৫০০০ জন কর্মী প্রস্তুত।
- প্রশিক্ষণ সেবা দ্বারা অদক্ষ ও স্বল্পদক্ষ জনগোষ্ঠিকে দক্ষকর্মীতে রূপান্তর করা
- শ্রমবাজারের চাহিদা অনুযায়ী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ সেবা প্রদান করে বেকারত্ব হ্রাস ও দারিদ্র বিমোচনে অংশ গ্রহণ করা।

